কালের কণ্ঠ

তারিখ ..09. DEC. 2016.....
পৃষ্ঠা ...২২... কলাম ...৩.....



গাজীপুরের বোর্ডবাজারের ইসলামী ইউনিভার্সিটি অব টেকনোলজির সমাবর্তন অনুষ্ঠানে গতকাল প্রধান অতিথির বক্তব্য দেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। ছবি : কালের কণ্ঠ

### গাজীপুরে শিক্ষামন্ত্রী

# আইইউটি কারিগরি শিক্ষায় বিশেষ অবদান রাখছে

**নিজস্ব প্রতিবেদক, গাজীপুর ▷**

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, 'ওআইসি পরিচালিত ইসলামী ইউনিভার্সিটি অব টেকনোলজি (আইইউটি) প্রযুক্তি ও বৃত্তিমূলক শিক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বাংলাদেশের কারিগরি শিক্ষায় শিক্ষার্থীর সংখ্যা ২০ শতাংশে উন্নীত করতে প্রতিষ্ঠানটি বিশেষ অবদান রাখছে। সরকার ২০২১ সালের মধ্যে তথ্য-প্রযুক্তি ব্যবহার করে বাংলাদেশকে একটি পূর্ণাঙ্গ ডিজিটাল দেশে রূপান্তিত করতে বদ্ধপরিকর।' বৃহস্পতিবার সকালে শিক্ষামন্ত্রী গাজীপুরের বোর্ডবাজার এলাকায় অবস্থিত ইসলামী ইউনিভার্সিটি অব টেকনোলজির সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

মন্ত্রী শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, 'আইইউটির মতো আন্তর্জাতিক স্বীকৃত প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুযোগ তোমাদের ক্যারিয়ারে একটি মজবুত ভিত্তি।' বিদেশি শিক্ষার্থীদের তিনি বলেন, 'তোমাদের অর্জিত মেধা বিশ্বব্যাপী ছড়িয়ে দিতে সচেষ্ট থাকবে।' অনুষ্ঠানে আরো বক্তব্য দেন ওআইসির মহাসচিবের পক্ষে সহকারী মহাসচিব (বিজ্ঞান ও প্রযুক্তি) মো. নাইম খান, আইইউটির গভর্নিং বোর্ডের চেয়ারম্যান ডা. মো. সাইদ আল আলাম আল জাহারানী, আইইউটির উপাচার্য মুনাজ আহমেদ নূর প্রমুখ।

সমাবর্তনে কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্যে বাংলাদেশি শিক্ষার্থী আবরার ফায়েজকে ওআইসি পদক এবং একই দেশের মো. উমর ফারুক, তানভীর হাসান মেহেদি, মো. আসিফ হাসান অনিক ও উগান্ডার হামিছি রামাদানকে আইইউটি পদক দেওয়া হয়।